

জবি রোভারের বার্ষিক তাঁবু বাস, দীক্ষা ক্যাম্প ও ব্যাজ প্রদান অনুষ্ঠান শুরু



জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) রোভার স্কাউট গ্রুপের তিন দিনব্যাপী বার্ষিক তাঁবু বাস, দীক্ষা ক্যাম্প ও ব্যাজ প্রদান অনুষ্ঠান এর উদ্বোধন ১৭ ফেব্রুয়ারি-২০২১, বুধবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিজ্ঞান ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সম্পাদক অধ্যাপক ড. মনিরুজ্জামানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, প্রক্টর ড. মোস্তফা কামাল, অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক ড. কাজী মোঃ নাসির উদ্দীন।



এসময় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস ঢাকা জেলা রোভারের সম্পাদক সৈয়দ জাহাঙ্গীর আলম, স্কাউট লিডার পরিসংখ্যান বিভাগের সহযোগী অধ্যাপক মো. আবুল কালাম আজাদ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আবু লায়েক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক কাজী ফারুক হোসেন ও সুমাইয়া খানম চৌধুরী।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার-ইন-কাউন্সিলের সভাপতি মো. কামরুল হাসান ও সাধারণ সম্পাদক আলমগীর হোসেনের সঞ্চালনায় রোভার স্কাউটের সম্মানিত সদস্য মো. আহসান হাবিবের হাতে কোভিড-১৯ বিশেষ সম্মাননা 'সোশ্যাল ওয়েলফেয়ার রিকগনিশন' অ্যাওয়ার্ড তুলে দেন উপাচার্য ড. মীজানুর রহমান। এছাড়াও বিভাগীয় ফলাফলের ভিত্তিতে কৃতি স্কাউট সদস্য নাট্যকলা বিভাগের শিক্ষার্থী মো. এনামুল হাসান কাওছার, দর্শন বিভাগের শিক্ষার্থী সাঈদ মাহাদী সেকেন্দার, মাইক্রোবায়োলজি বিভাগের শিক্ষার্থী সাদিয়া আখতার, মনোবিজ্ঞান



বিভাগের শিক্ষার্থী সোনিয়া আক্তার পুষ্প, লোক প্রশাসন বিভাগের রাকিবুল ইসলাম, ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী রনি দেবনাথ ও আলামিনকে পুরস্কার তুলে দেয়া হয়।

উল্লেখ্য, এবছর জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ থেকে ১০২জন নতুন সহচর দীক্ষা গ্রহণের মাধ্যমে বিশ্ব স্কাউট আন্দোলনের সদস্যপদ লাভ করবেন। আগামী শুক্রবার কুমিল্লা লালমাই আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে দীক্ষাপ্রাপ্ত

রোভারদের তাঁবুবাস, দীক্ষা ও ব্যাজ প্রদানের মধ্যদিয়ে এই অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হবে।